

الْمُخْصِي

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৫৮ তম নাম ‘الْمُخْصِي’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘الْمُخْصِي’ শব্দের মূল ح - ص - ي , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ১১ বার এসেছে। হিসাব রেখেছেন, গুনে গুনে রেখেছেন, হিসাব সংরক্ষণকারী ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْمُخْصِي অর্থ: ‘তিনি হিসাব সংরক্ষণকারী’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

يَوْمَ يَبْعَثُهُمُ اللَّهُ جَمِيعاً فَيُنَبِّئُهُم بِمَا عَمِلُوا أَحْصَاهُ اللَّهُ وَنَسُوهُ وَاللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ شَهِيدٌ ﴿٦﴾

যেদিন আল্লাহ তাদের সবাইকে পুনরুত্থিত করবেন, সেদিন আল্লাহ তাদের কৃতকর্ম সম্পর্কে তাদের অবহিত করবেন। আল্লাহ তার (তাদের কৃতকর্মের) হিসাব রেখেছেন, কিন্তু তারা তা ভুলে গেছে। আল্লাহ প্রতিটি বিষয়ের প্রত্যক্ষদর্শী। (সূরা আল মুজাদালা: আয়াত নং ৬)

لِيَعْلَمَ أَنْ قَدْ أَبْلَغُوا رَسُولَاتِ رَبِّهِمْ وَأَحَاطَ بِمَا لَدَيْهِمْ وَأَحْصَىٰ كُلَّ شَيْءٍ عَدَدًا ﴿٢٨﴾

রাসুলরা তাদের প্রভুর বার্তা পৌঁছে দিয়েছে কিনা তা জানার জন্যে। তাদের কাছে যা আছে তা তাঁর জ্ঞানের পরিবেষ্টনেই রয়েছে। তিনি গুনে গুনে হিসাব রাখেন সবকিছুর। (সূরা আল জিন: আয়াত নং ২৮)

يُوكَّلُ شَيْءٍ أَحْصَيْنَاهُ كِتَابًا ﴿٢٩﴾

অথচ প্রতিটি জিনিসেরই আমরা হিসাব রেখেছি গুনে গুনে। (সূরা আন নাবা: আয়াত নং ২৯)

তিরমিজি শরীফের হাদীস:

اتَّقِ اللَّهَ حَيْثُمَا كُنْتَ وَأَتَّبِعِ السَّبِيلَ الْحَسَنَةَ تَمَحُّهَا، وَخَالِقِ النَّاسَ بِخُلُقٍ حَسَنٍ -

তুমি যেখানে থাকো, আল্লাহকে ভয় করো এবং অসৎ কাজ করলে তারপর সৎ কাজ কর। তাহলে ভালো কাজ মন্দকাজকে শেষ করে দেবে। আর মানুষের সাথে সদ্ব্যবহার কর।

প্রিয় ভাই ও বোনেরা! আল্লাহ আমাদের কার্যকলাপ গুনে গুনে হিসাব রাখছেন, সুতরাং আসুন আমরা আল্লাহকে ভয় করি ভালো কাজ করি কারণ আমাদের ভালো কাজ মন্দ কাজকে মুছে দেবে এবং মানুষের সাথে সদ্ব্যবহার করি।

আল্লাহর সাথে আমরা কাউকে শরিক না করি। কারণ আল্লাহ কোরআনে ঘোষণা করেছেন শিরকের গুনাহ তিনি মাফ করবেন না। আল্লাহ শিরিক মুক্ত জীবন যাপনের তৌফিক আমাদেরকে দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবাকাতুহু।